বাফুফে সভাপতির বিবৃতি – আগস্ট ২০১৮

শুভেচ্ছা!

এশিয়ান গেমসে জাতীয় দলের দুর্দান্ত নৈপুন্য

বাংলাদেশ অ-২৩ দল সম্প্রতি সমাপ্ত হওয়া এশিয়ান গেমস ২০১৮ তে দুর্দান্ত নৈপুন্য প্রদর্শন করেছে। এবারই তারা প্রথমবারের মতো এই টুর্নামেন্টের উত্তীর্ণ হয়। লাল–সবুজ দল প্রথম ম্যাচে তাদের তুলনায় যথেষ্ট এগিয়ে থাকা উজবেকিস্তানের বিপক্ষে খেলতে নেমে ৩ - ০ গোলে হেরে হোঁচট খায়।

তবে থাইল্যান্ডের সাথে ১–১ গোলে ড্র করা ম্যাচটি ছিল তাদের স্বমহিমায় ফিরে আসার ম্যাচ। সে ম্যাচে পুরো খেলায় যথেষ্ট আধিপত্য ধরে রেখেও শেষ মিনিটে দুর্ভাগ্যজনকভাবে গোল হজম করে দুই পয়েন্ট হারাতে হয় তাদের। অনূর্ধ্ব তেইশের যুবারা গ্রুপপর্বে তাদের তৃতীয় ও চূড়ান্ত ম্যাচে জামাল ভুঁইয়ার একমাত্র গোলে কাতারকে ১–০ গোলে পরাজিত করে উত্তীর্ণ হয় শেষ ষোলোতে। শেষ ষোলোর খেলায় বাংলাদেশ এশিয়ার পাওয়ারহাউস খ্যাত উত্তর কোরিয়ার বিপক্ষেও দারুণ লড়াই করে। কিন্তু শেষ পর্যন্ত পূর্ব এশিয়ার দেশটি লাল সবুজ বাহিনীকে ৩–১ গোলে পরাজিত করে।

একটু সমর্থন ও প্রশিক্ষণ পেলে আমাদের ছেলেরা কি করতে পারে তা এই টুর্নামেন্টে দলটির জয়ের জন্য প্রচন্ড ক্ষুধার্ত আচরণ থেকেই বোঝা যায়। ছেলেদের জন্য বাফুফে কাতার ও দক্ষিণ কোরিয়ায় দুটি প্রশিক্ষণ ক্যাম্পের আয়োজন করে। সেখানে তারা এশিয়ান গেমসের জন্য ইন্দোনেশিয়ায় যাওয়ার আগে তাদের দক্ষতা শানিয়ে নিতে বেশ কয়েকটি অনুশীলন ম্যাচ খেলেছিল এবং আমরা সবাই দেখেছি প্রশিক্ষণ কিভাবে এর প্রতিদান দেয়।

দেশের ফুটবল বিকাশের প্রচেষ্টায় নিয়োজিত বাফুফে ফুটবলারদের মধ্য থেকে সেরাদের খুঁজে বের করার জন্য ভবিষ্যতেও খেলোয়াড়দেরকে উন্নত প্রশিক্ষণ প্রদান করতে অঙ্গিকারাবদ্ধ।

লড়াকু অ-১৫ মেয়েরা সাফ রানার্স-আপ

আরো একটি অনন্য সাধারণ লড়াইয়ের মধ্য দিয়ে অনূর্ধ্ব ১৫ মেয়েদের দল সাফ অ-১৫ নারী চ্যাম্পিয়নশিপের রানার্স-আপ হয়।

যদিও ভারত ফাইনালে আমাদেরকে ১–০ গোলে হারিয়েছে, কিন্তু মূলত ভাগ্য আমদের সাথে ছিল না বলেই শিরোপাটি আমাদের হাতছাড়া হয়। কারণ লাল-সবুজ মেয়েরা খেলার প্রতিটি ক্ষেত্রে যথেষ্ট আধিপত্য বিস্তার করেই খেলেছে। গ্রুপ পর্বের দুই ম্যাচ এবং সেমিফাইনাল – মোট তিনটি ম্যাচেই তারা প্রবল প্রভাব বিস্তার করে খেলেছে। পাকিস্তানের বিপক্ষে ১৪টি, নেপালের বিপক্ষে ৩টি এবং ভূটানের বিরুদ্ধে ৫টি গোল করার বিপরীতে বাংলাদেশের কিশোরীরা একটি গোলও হজম করেনি।

টুর্নামেন্টের চারজন সর্বোচ্চ গোলদাতার দুইজন বাংলাদেশের তোহুরা খাতুন ও শামসুন্নাহার জুনিয়র। তারা প্রত্যেকেই চারটি করে গোল করেন। এছাড়া এ আসরে নিয়ম শৃঙ্খলা বজায় রেখে সৌন্দর্যমন্ডিত ফুটবল খেলার জন্য বাংলাদেশ দলকে দেয়া হয় ‘ফেয়ার প্লে’ ট্রফি। অ-১৫ মেয়েরা এখন এলিট উইমেন্স রেসিডেন্সি ক্যাম্পে ফিরে পুনরায় প্রশিক্ষণে মনোনিবেশ করেছে; অপেক্ষা পরবর্তী চ্যালেঞ্জের।

সাফ সুজুকি কাপের পর্দা উঠছে ৪ সেপ্টেম্বর

৪ সেপ্টেম্বর থেকে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে সাফ সুজুকি কাপ ২০১৮।

টুর্নামেন্টের এই সংস্করণে অংশ নিচ্ছে সাফের সাতটি দেশ। গ্রুপ এ তে বাংলাদেশ প্রতিদ্বন্দ্বিতা করবে ভুটান, নেপাল ও পাকিস্তানের বিরুদ্ধে। অন্য গ্রুপে খেলবে ভারত, শ্রীলঙ্কা ও মালদ্বীপ।

প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে ১৫ সেপ্টেম্বর।

টুর্নামেন্টটি সফলভাবে আয়োজন করার জন্য ইতিমধ্যেই আতিথেয়তা এবং নিরাপত্তার ব্যবস্থাসহ সকল প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। গণমাধ্যম, অভ্যর্থনা এবং সংগাঠনিক কাজের জন্য পৃথক পৃথক উপকমিটিও গঠন করা হয়েছে।

এএফসি বি এবং এ সার্টিফিকেট কোর্স সম্পন্নকারী কোচদের প্র্যাক্টিকাল সাপোর্ট ওয়ার্কশপ

এএফসি বি এবং এ সার্টিফিকেট কোচিং কোর্স আয়োজন ছাড়াও এই কোচদের ধারাবাহিক উন্নতিতে বাফুফের অঙ্গীকারের অংশ হিসেবে শীঘ্রই আয়োজন করা হবে এএফসি বি এবং এ সার্টিফিকেট কোর্স সম্পন্নকারী কোচদের প্র্যাক্টিকাল সাপোর্ট ওয়ার্কশপ।

এএফসি বি এবং এ সার্টিফিকেট কোর্স সম্পন্নকারী কোচদের নিয়ে এই প্র্যাক্টিকাল সাপোর্ট ওয়ার্কশপটি এখন থেকে প্রতি মাসে আয়োজন করা হবে যেন কোচেরা ব্যবহারিকভাবে মাঠে খেলোয়াড়দের কোচিং করাতে তাদের দক্ষতা যাচাই করতে পারেন।

বাফুফের জাতীয় টেকনিক্যাল ডিরেক্টর পল স্মলি আরও আধুনিক ও যুগোপযোগী কোচিং দেওয়ার ব্যাপারে কোচদের সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন যার মূল লক্ষ্য খেলয়াড়দের প্রশিক্ষণ এবং উন্নতি। এটি আমাদের ফুটবল উন্নয়ন প্রকল্পের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ এবং আমাদের কোচিং এবং ফুটবল প্রশিক্ষনের পদ্ধতিগুলোকে আরও উন্নত করতে আমরা কাজ করে যাব।

‘এএফসি অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপ ২০১৯’ কোয়ালিফায়ার্স

১৫ থেকে ২৩ সেপ্টেম্বর পর্যন্ত ঢাকার কমলাপুরে অবস্থিত বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোস্তফা কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে এএফসি অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপ ২০১৯ বাছাইপর্বের এফ গ্রুপের ম্যাচগুলো।

বাহরাইন, লেবানন, সংযুক্ত আরব আমিরাত, ভিয়েতনাম ও স্বাগতিক বাংলাদেশ – এই পাঁচটি দল নিজেদেরকে চূড়ান্ত পর্বে নিতে প্রতিদ্বন্দ্বিতা করবে পরস্পরের।

আন্তর্জাতিক ফুটবল জগতে নীলফামারী

দেশের উত্তরাঞ্চলীয় জেলা নীলফামারী এখন ফুটবল বিশ্বের একটি অংশ। ২৯ আগস্ট অনুষ্ঠিত বাংলাদেশ ও শ্রীলংকার ম্যাচটির মধ্য দিয়ে আন্তর্জাতিক ফুটবলের জগতে প্রবেশ করল এই জেলা। যদিও অতিথি দ্বীপরাষ্ট্রটির কাছে বাংলাদেশ ১-০ গোলে পরাজিত হয়েছে, তবু নীলফামারীর শেখ কামাল স্টেডিয়ামে বাংলাদেশি ফুটবল প্রেমীদের বাঁধনহারা জোয়ার আবারও খেলাটির

জনপ্রিয়তা প্রমাণিত করেছে। নীলফামারী বাসিন্দাদের মধ্যে খেলাটি এতোই উত্তেজনা ছড়িয়েছে যে, পনেরো হাজারেরও বেশি টিকেটের সবগুলো মাত্র এক ঘন্টার মধ্যেই বিক্রি হয়ে যায়।

অ-১৫ ছেলেদের আবাসিক প্রশিক্ষণ ক্যাম্প

নীলফামারীর শেখ কামাল স্টেডিয়ামের প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক ক্যাম্পে অ-১৫ ছেলেদের নির্বাচিত একটি ব্যাচের কঠোর প্রশিক্ষণ চলছে। ২৫ অক্টোবর নেপালে অনুষ্ঠিতব্য অ-১৫ সাফ চ্যাম্পিয়নশিপকে সামনে রেখে এই দীর্ঘস্থায়ী ক্যাম্পটি শুরু হয় ১০ আগস্ট। আসন্ন সাফ অ-১৫ চ্যাম্পিয়নশিপের শিরোপা জয়ের লক্ষ্য নিয়ে ক্যাম্পটিতে মোট ৩২ টি ছেলেকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

আসন্ন আন্তর্জাতিক টুর্নামেন্টেটির জন্য বাফুফের জাতীয় টেকনিক্যাল ডিরেক্টর পল স্মলির সহযোগিতায় বাফুফে নীলফামারীতে মোস্তফা আনোয়ার পারভেজ এর নেতৃত্বে ৫ সদস্যের একটি কোচিং দল পাঠিয়েছে। বাকি কোচেরা হলেন – সহকারী কোচ জান-এ-আলম নূরি (রাহেল), মাহবুবুল আলম পাওলো, রাশেদ আহমেদ পাপ্পু এবং গোলকিপিং কোচ মিজানুর রহমান মিনার।

SWAFF নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত কিরন

বাফুফে মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ দক্ষিণ পশ্চিম এশীয় ফুটবল ফেডারেশন (SWAFF) এর নবগঠিত নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হওয়ার মধ্য দিয়ে তার ক্যারিয়ারের মুকুটে নতুন একটি পালক যুক্ত করেছেন।

ইতোমধ্যেই বাফুফের একজন কার্যনির্বাহী সদস্য, এএফসির নির্বাহী সদস্য এবং ফিফা কাউন্সিলে এএফসির প্রতিনিধি কিরণকে ১২ আগস্ট সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত SWAFF কংগ্রেসে এর কার্যনির্বাহী সদস্য হিসেবে নির্বাচিত করা হয়। বাংলাদেশ ফুটবল ফেডারেশন কিরনকে তাঁর সর্বশেষ অর্জনের জন্য অভিনন্দন জানায় এবং নতুন এই অগ্রযাত্রায় তাঁর সাফল্য কামনা করে।

১ অক্টোবর শুরু হচ্ছে বঙ্গবন্ধু গোল্ডকাপ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে ও তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে বঙ্গবন্ধু গোল্ড কাপ ২০১৮ অনুষ্ঠিত হবে ১ অক্টোবর থেকে ১২ অক্টোবর। বাংলাদেশসহ মোট ছয়টি দলের অংশগ্রহণে বাংলাদেশে অনুষ্ঠিত হবে টুর্নামেন্টটি। লাওস ও ফিলিপাইনের সাথে বাংলাদেশ আছে বি গ্রুপে, অন্যদিকে এ গ্রুপে আছে নেপাল, ফিলিস্তিন ও তাজিকিস্তান। টুর্নামেন্টের ম্যাচগুলো ঢাকা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম এবং সিলেট জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার গ্রুপ পর্বের ম্যাচগুলো সিলেটে এবং ঢাকায় সেমিফাইনাল ও ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

এদিকে, ৯ আগস্ট ঢাকার মতিঝিলে অবস্থিত বাফুফে ভবনে আনুষ্ঠানিকভাবে টুর্নামেন্টের জন্য কে স্পোর্টসের সাথে একটি স্বত্ব হস্তান্তর চুক্তি স্বাক্ষরিত হয়।

রেফারিদের দ্বিতীয় ত্রৈমাসিক ফিটনেস পরীক্ষা অনুষ্ঠিত

বাংলাদেশ ফুটবল ফেডারেশন বাফুফে রেফারি কমিটির সহযোগিতায় গত ৩ আগস্ট বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে রেফারিদের দ্বিতীয় ত্রৈমাসিক ফিটনেস টেস্টের আয়োজন করে। ফিটনেস পরীক্ষার দ্বিতীয় পর্যায়ে ১০৭ জন রেফারি অংশগ্রহণ করে। প্রথম পর্যায়ে এই টেস্ট অনুষ্ঠিত হয় গত ৬ এপ্রিল। এই টেস্টর তৃতীয় ও চূড়ান্ত ধাপটি অনুষ্ঠিত হবে আগামী ৭ ডিসেম্বর বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে।

প্রথম শ্রেণি রেফারি প্রমোশন টেস্ট অনুষ্ঠিত

বাফুফের আয়োজনে দেশের নিবন্ধিত দ্বিতীয় শ্রেণির রেফারিদের জন্য প্রথম শ্রেণীর রেফারি প্রমোশন পরীক্ষা গত ৩০ ও ৩১ আগস্ট মতিঝিলের বাফুফে ভবনে অনুষ্ঠিত হয়। বাফুফে রেফারি কমিটি এই টেস্ট পরিচালনা করে। টেস্টের প্রথম দিনে একটি ক্লাস নেয়া হয় এবং দ্বিতীয় দিন শারীরিক ফিটনেস পরীক্ষা এবং লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট ৩৫ জন দ্বিতীয় শ্রেণির রেফারি তাদের যোগ্যতাকে প্রথম শ্রেণিতে উন্নীত করার লক্ষ্য নিয়ে প্রোমোশন টেস্টে অংশ নেন।